গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক: ৩৭.০২.০০০০.১০২.৩৭.০০১.২৪.৬৫৩/৮ তারিখ: ১২/০২/২০২৫

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ ০১ জানুয়ারি ২০২৫ হতে EFT-তে প্রেরণ শুরু হয়েছে। যে সকল এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর এমপিও এর তথ্য, NID এর তথ্য এবং ব্যাংকের তথ্য সঠিক আছে এমন ১,৮৯,৯০৭ জন শিক্ষক-কর্মচারীর ডিসেম্বর-২০২৪ মাসের এমপিও এর অর্থ ইতোমধ্যে ১ম লটে EFT-তে প্রেরণ করা হয়েছে।

এছাড়াও এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর মধ্যে অনেকের এমপিওশীটের নামের সাথে NID এর নামের ডট (.), হাইফেন (-), কমা (,) বা আক্ষরিক অমিল আছে অথবা ব্যাংক হিসাবের নাম আংশিক ভুল আছে, কিন্তু জন্মতারিখ অভিন্ন এমন ১,৫২,২২০ জন শিক্ষক-কর্মচারীর ডিসেম্বর-২০২৪ মাসের এমপিও এর অর্থ ইতোমধ্যে ২য় ও ৩য় লটে EFT-তে প্রেরণ করা হয়েছে। এমপিওশীটের নাম এবং NID এর নাম অভিন্ন কিন্তু জন্মতারিখ একই বছরে তবে অভিন্ন নয় এমন ৮,২৩৮ জন শিক্ষক-কর্মচারীর ডিসেম্বর-২০২৪ মাসের এমপিও এর অর্থ প্রেরণ কার্যক্রম প্রক্রিয়াধীন এবং ৮,৮৮৭ জন শিক্ষক-কর্মচারীর তথ্য যাচাই এর জন্য আইবাস++ এ প্রেরণ করা হয়েছে।

যে সকল শিক্ষক-কর্মচারীর এমপিওশীটের জন্ম তারিখের সাথে NID এর জন্ম তারিখের অমিল রয়েছে অথবা ব্যাংক হিসাব নম্বর ভুল রয়েছে তাদের ভুল সংশোধন না হওয়া পর্যন্ত এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। ২য়, ৩য়, ৪র্থ এবং ৫ম লটে যে সকল শিক্ষক-কর্মচারীর ডিসেম্বর-২০২৪ মাসের এমপিও এর অর্থ EFT-তে প্রেরণ করা হয়েছে এবং তথ্যের ভুলের কারণে যাদের এমপিও এর অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি তাদেরকে নিম্নে উল্লিখিত সময়সূচী অনুযায়ী অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০২.৩৭.০০৫.২০২০/৯২৩৯/১৫ হিসাব, তারিখ: ২৭/১০/২০২২খ্রি: পত্রের নির্দেশনা অনুযায়ী অনলাইন এমপিও সিস্টেমে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করে তথ্য সংশোধন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় ভুল তথ্যের কারণে এপ্রিল ২০২৫ মাস থেকে তাদের এমপিও এর অর্থ প্রেরণ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

যথাযথ প্রক্রিয়ায় আবেদন করে এমপিও শীটের তথ্য অনলাইনে সংশোধন করা হলে তা সয়ক্রিয়ভাবে এমপিও ডাটাবেজে সংশোধিত হবে। তবে NID এবং ব্যাংকের তথ্য সংশোধনের পর পরবর্তী কর্যক্রমের জন্য MPO EFT মডিউলে লগ-ইন করে অনলাইনে আঞ্চলিক পরিচালক (কলেজের ক্ষেত্রে) বা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার (স্কুলের ক্ষেত্রে) মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরন করতে হবে।

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত EFT-তে অর্থ প্রেরণ করার জন্য প্রয়োজনীয় এমপিও এর তথ্য সংশোধনের অনলাইন আবেদন প্রচলিত এমপিও আবেদনের সিডিউলের বাইরে নিম্নে বর্ণিত সিডিউল মোতাবেক সংশোধন কার্যক্রম সম্পন্ন করার জন্য অঞ্চলের পরিচালক (কলেজ), উপপরিচালক (মাধ্যমিক), জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্কুলের ক্ষেত্রে:

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনের সর্বশেষ তারিখ	:	০৬/০৩/২০২৫
উপজেলা হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ	:	১১/০৩/২০২৫
জেলা হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ	:	১৭/০৩/২০২৫
আঞ্চলিক উপপরিচালক হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ	:	৩০/০৩/২০২৫
মাউশি অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা কর্তৃক অনুমোদনের সর্বশেষ তারিখ	:	০৭/০৪/২০২৫

কলেজের ক্ষেত্রে:

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদনের সর্বশেষ তারিখ	:	০৬/০৩/২০২৫
আঞ্চলিক পরিচালক হতে অগ্রায়নের সর্বশেষ তারিখ	:	৩০/০৩/২০২৫
মাউশি অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা কর্তৃক অনুমোদনের সর্বশেষ তারিখ	:	০৭/০৪/২০২৫

(মোঃ শাহজাহান)
উপ-পরিচালক (সা: প্র:)
ফোন: ০২-৪১০৫২১৭৩

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
২। পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৩। উপ পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ);
৬। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা);
৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা);
৮। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১০২.৩৭.০০৫.২০২০/ ২২৫৭/৯৫ হিসাব তারিখ:২৭/১০/২০২২ খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) এম.পি.ও সিটে শিক্ষক-কর্মচারীগণে নাম/নামের বানান, পদবী ও বিষয়, ব্যাংক হিসাব নম্বর, জন্ম তারিখ, ইনডেক্স নম্বর সংশোধন এবং বকেয়া বেতন ভাতাদি অনলাইন প্রক্রিয়ায় আবেদন নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

সূত্র: (১) **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৭/০৯/২০২২ খ্রিঃ তারিখের এমপিও অনুমোদনের নিমিত্ত গঠিত কমিটির সিদ্ধান্ত**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) এম.পি.ও সিটে শিক্ষক-কর্মচারীগণের নাম/নামের বানান, পদবী ও বিষয়, ব্যাংক হিসাব নম্বর, জন্ম তারিখ, ইনডেক্স নম্বর সংশোধন এবং বকেয়া বেতন ভাতাদি (সর্বোচ্চ ছয় বছর পর্যন্ত) অনলাইন প্রক্রিয়ায় স্ব স্ব অঞ্চলের মাধ্যমে আবেদন নিষ্পত্তিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উল্লেখ্য সমন্বয় সভার ২৯/০৬/২০২২ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত এবং ২৭/০৯/২০২২ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক সনদ যাচাইপূর্বক এবং ৪র্থ শ্রেণির কর্মচারী যাদের এস.এস.সি/সমমান সনদ নেই তাদের এম.পি.ও সীটে জন্ম তারিখ সংশোধনের জন্য স্ব স্ব জেলার সিভিল সার্জনের বয়স নির্ধারণ সংক্রান্ত প্রত্যয়ন গ্রহণ করে জাতীয় পরিচয় পত্র, ফ্যামিলি কেইস স্টাডি, ভাই বোনের সিরিয়াল (বড় থেকে ছোট) মেলানো, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়ন গ্রহণ করে জন্ম তারিখ সংশোধনের বিষয়টি নিষ্পত্তি করবেন।

এমতাবস্থায়, প্রতিষ্ঠান প্রধানগণ অনলাইনে বিধি মোতাবেক আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লিখিত আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে আঞ্চলিক পরিচালক/উপপরিচালক (মাধ্যমিক) তা যথাযথ তথ্যাদিসহ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন অগ্রায়ণ করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৭/১০/২২

(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপ-পরিচালক (সাঃ প্রশাঃ)
ফোন: ০২২২৩৩৫১০৪৯

বিতরণ:
০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় ------------------------- সকল
০২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় ---------------------------- সকল
০৩। জেলা শিক্ষা অফিসার, -- সকল
০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার -------------------------------------- সকল
০৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ------------------------------ (সকল)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (কঃ ও প্রঃ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
২। উপপরিচালক (সাঃ প্রঃ)/কলেজ-২/মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করাসহ)
৪। সহকারি পরিচালক (সাঃ প্রঃ)/কলেজ-৩/মাধ্যমিক-২/সেসিপ/আইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫। ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি, -- (সকল)
৬। শিক্ষা কর্মকর্তা, মাধ্যমিক-১/২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৭। প্রশাসনিক কর্মকর্তা/হিসাবরক্ষন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৮। প্রধান সহকারি ------------------------------ সকল শাখা
৯। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১০। সংরক্ষণ নথি

MPo/Monir/Notice/

CamScanner